



## সব ধর্মের মানুষ কাঁধে কাঁধ মিলিয়ে দেশ গড়ি -প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিনিধিঃ ধর্মীয় পরিচয়ের উর্ধ্বে উঠে সব নাগরিককে বাংলাদেশি হিসেবে বিবেচনা করে এক্যবদ্ধভাবে দেশ গড়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১৯ অক্টোবর) রাজধানীর চাকেশ্বরী মন্দিরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পূজামণ্ডপ পরিদর্শনে গিয়ে সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশে দেওয়া বক্তব্যে এান কথা বলেন প্রধানমন্ত্রী। এ সময় স্বরষ্ট্রমন্ত্রী সাল্লাহউদ্দিন আহমদ ও সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন বক্তব্য দেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, 'এই দেশ আপনার, এই দেশ আমরা। আমরা সকলে মিলে একসঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে দেশটিকে গড়ি।' ধর্মীয় পরিচয়ের উর্ধ্বে উঠে সবাইকে বাংলাদেশি হিসেবে বিবেচনা করার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'ধর্মটা হতেই পারে আমার একটি ধর্ম, আপনার একটি ধর্ম। কিন্তু রাষ্ট্রটা আমাদের সকলের। বাংলাদেশ নামক রাষ্ট্র, এই রাষ্ট্রটি আমাদের সকলের। এই দেশটিতে আপনার যেমন অধিকার আছে, আমারও অধিকার আছে। এই দেশের প্রতি আপনার যেমন কর্তব্য

আছে, আমারও এই দেশের প্রতি কর্তব্য আছে।' রাষ্ট্রের দায়িত্ব ও নাগরিকদের পারস্পরিক সহযোগিতার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, 'রাষ্ট্রের দায়িত্ব হচ্ছে আপনাকে নিরাপত্তা দেওয়া, ঠিক একইভাবে এই রাষ্ট্রের দায়িত্ব হচ্ছে আমাকেও নিরাপত্তা দেওয়া। আমাদের সকলের দায়িত্ব হচ্ছে আমরা একে অপরকে দেখে রাখব। আমরা একে অপরের সঙ্গে কাজ করে এ দেশটাকে এগিয়ে নিয়ে যাব।' মানুষের পরিচয়ের ক্ষেত্রে ধর্মের আগে মানবিক পরিচয়কে গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আমরা সকলেই এই দেশের সন্তান, এই দেশের মানুষ, বাংলাদেশি। আমরা প্রত্যেকেই মানুষ। এটি হচ্ছে আমাদের সবচেয়ে আগের পরিচয়। এখানে উপস্থিত আমরা প্রত্যেকেই বাংলাদেশি।' মহান মুক্তিযুদ্ধের প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী বলেন, ১৯৭১ সালে স্বাধীনতার জন্য মানুষ যখন যুদ্ধে বাঁপিয়ে পড়েছিল, তখন কেউ কারও ধর্মীয় পরিচয় জানতে চায়নি। কে মুসলমান, হিন্দু, বৌদ্ধ কিংবা খ্রিস্টান, তা বিবেচনায় না নিয়েই সবাই স্বাধীনতার লক্ষ্যে

২-এর পাতায় দেখুন

## প্রেমের ফাঁদে ফেলে বন্ধুর জীকে বিয়ে অভিযুক্তকে ছুরিকাঘাত

নিজস্ব প্রতিনিধিঃ বড়ার ধুনট উপজেলায় বন্ধুর জীকে পরকীয়া প্রেমের ফাঁদে ফেলে বিয়ে করায় ক্ষুব্ধ হয়ে অভিযুক্ত বন্ধুর পেটে ছুরি চালিয়ে আহত করার অভিযোগে উঠেছে বাবু রায়ের নামে এক যুবকের বিরুদ্ধে। রোববার (১৮ অক্টোবর) রাত সাড়ে ১০টার দিকে উপজেলা সদরের কুঠিবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। বন্ধুর ছুরিকাঘাতে আহত তুলসি রায় (৩৫)। সে কুঠিবাড়ি গ্রামের বাদল রায়ের ছেলে। অভিযুক্ত বাবু রায় একই এলাকার কলা রায়ের ছেলে। থানা পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বাবু রায়ের সঙ্গে তুলসি রায় ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। বন্ধুত্বের সূত্র ধরে তুলসি রায়ের অবাধ যাতায়াত ছিল বাবু রায়ের বাড়িতে। যাতায়াতের এক পর্যায়ে বাবু রায়ের জী দুই সন্তানের জন্মের সঙ্গে তুলসি রায় প্রেমের সম্পর্ক গড়ে তোলেন। এক পর্যায়ে প্রায় এক বছর আগে বাবু রায়ের জীকে বাড়ি থেকে নিয়ে গিয়ে বিয়ে করেন তুলসি রায়। বিষয়টি নিয়ে পারিবারিকভাবে কয়েক দফা বৈঠক



রাশিয়ার হয়ে যুদ্ধে নেমে প্রাণ গেল বাংলাদেশি যুবকের

ডেস্তুতে আরও ৪ জনের মৃত্যু ঘূষণাতালে ভর্তি ১৮৫১  
নিজস্ব প্রতিনিধিঃ দেশে ডেস্তুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও চারজনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৮৫১ জন। সোমবার (১৯ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের প্রকাশিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া চারজনের মধ্যে দুজন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকার

২-এর পাতায় দেখুন



## পদ্মায় অভিযানে সংসদ সদস্যের বহরে ইটপাটকেল, আটক ৪১

মহসিন রেজা রিপন, শরীয়তপুর।  
পদ্মায় মা ইলিশ সংরক্ষণ অভিযানে গেলে, অবৈধভাবে মা ইলিশ শিকারী জেলেরা এক্যবদ্ধ হয়ে স্থানীয় এমপি সাইদ আহমেদ আসলাম মন্সস্য সাইদ আহমেদ আসলাম মন্স্য বিভাগের কর্মকর্তা ও আইনশৃঙ্খলা বাহিনীর ওপর ইটপাটকেল নিক্ষেপ করে। এ ঘটনায় আইনশৃঙ্খলা বাহিনী তাৎক্ষণিক অভিযান চালিয়ে ৪১ জনকে গ্রেপ্তার করেছে। এ সময় প্রায় ২ লাখ মিটার অবৈধ কারেন্ট জাল ও ৩০ কেজি মা ইলিশ জব্দ করা হয়। ১৯ অক্টোবর সোমবার সকালে শরীয়তপুরের জাজিরা উপজেলার পালেরচর এলাকার পদ্মা নদীতে মা ইলিশ রক্ষণ অভিযান চলাকালে এ ঘটনা ঘটে। স্থানীয় প্রত্যেকদলী ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের ভাষ্যমতে, নদীতে অভিযান পরিচালনার সময় জেলেরা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের সাথে বিতর্কে জড়িয়ে পড়ে, একপর্যায়ে উত্তেজনার সৃষ্টি হলে প্রায় শতাধিক জেলে ইটপাটকেল নিক্ষেপসহ লাঠিসোটা নিয়ে আইনশৃঙ্খলা বাহিনী

অভিযানে থাকা কর্মকর্তাদের ওপর চড়াও হয়। এ সময় শরীয়তপুর-১ পালং- জাজিরা আসনের সংসদ সদস্য সাইদ আহমেদ আসলাম জাজিরা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আল ইমরান এবং জেলা মন্স্য কর্মকর্তা বিশুজিৎ কুমার দেবকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করা হয়। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে অভিযানে থাকা আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা পালেরচর এলাকার নদীর পাড়ে অবস্থান নেন। পরবর্তীতে সেনাবাহিনী, পুলিশসহ আইনশৃঙ্খলা বাহিনীর অতিরিক্ত সদস্যরা পৌঁছে অভিযান জোরদার করলে হামলাকারী জেলেরা ছত্রভঙ্গ হয়ে যায়। সেবান থেকে ৪১ জনকে আটক করা হয়। সংশ্লিষ্ট সূত্র আরও জানায়, হামলাকারী জেলেরদের একটি অংশ কিছু সময়ের জন্য উপজেলা প্রশাসনের এক কর্মকর্তাকে অবরুদ্ধ করে রেখেছিল, পরে যৌথ বাহিনী গিয়ে তাকে উদ্ধার করে। এ ব্যাপারে জাজিরা উপজেলা নির্বাহী কর্মকর্তা আল ইমরান জানান, মা ইলিশ

২-এর পাতায় দেখুন

## প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন ইশরাক হোসেন

নিজস্ব প্রতিনিধিঃ মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। সোমবার (১৯ অক্টোবর) দুপুর ২টায় রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এ ঘোষণা দেন তিনি। এসময় ইশরাক হোসেন বলেন, দল যেন বিব্রত না হয় সেজন্য প্রতীমন্ত্রীর পদ থেকে পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছি। এর আগে সোমবার (১৯ অক্টোবর) সকালে নিজের ভেরিফায়ড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে ইশরাক হোসেন এ তথ্য জানান। পোস্টে তিনি বলেন, প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগের বিষয়ে চূড়ান্ত ঘোষণা দেওয়ার পাশাপাশি সাংবাদিকদের সঙ্গে কথা বলবেন তিনি। পদত্যাগের ঘোষণা দিলেও মাদকবিরোধী কার্যক্রম চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন ইশরাক। তিনি জানান, সংসদ সদস্য বা প্রতিমন্ত্রী হিসেবে নয়, বিনোদনের একজন কর্মী হিসেবে মাদক



## মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা ইশরাকের

নিজস্ব প্রতিনিধিঃ মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন। সোমবার (১৯ অক্টোবর) দুপুর ২টায় রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে সাংবাদিকদের মুখোমুখি হয়ে এ ঘোষণা দেন তিনি। এসময় ইশরাক হোসেন বলেন, দল যেন বিব্রত না হয় সেজন্য প্রতীমন্ত্রীর পদ থেকে পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছি। এসময় তিনি আরও জানান, আমি মাননীয় প্রধানমন্ত্রীরকে বলি 'আমি পদত্যাগ করতে চাই। কারণ আমার এই মাদকবিরোধী অভিযান কেবল শুরু হলো, এটা চলবে ২-এর পাতায় দেখুন

## ইশরাকের অভিযান চালানো সেই স্পটে যৌথ অভিযান আটক ১৫ জনের কারাদন্ড



পর্বত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) ও এসআরবির যৌথ দল এ অভিযান পরিচালনা করে। অভিযানকালে ঘটনাস্থল থেকে ইয়াবা, গাঁজা ও হেরোইনসহ মাদক সেবনের বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়। একই সঙ্গে মাদক সেবন ও কেনাবেচার জন্য তৈরি অস্থায়ী কাগজের ছাউনি

নিজস্ব প্রতিনিধিঃ রাজধানীর দয়াজঞ্জ রেলক্রসিং-সংলগ্ন গুমটিঘর এলাকার আলোচিত মাদক স্পটে যৌথ অভিযান চালিয়ে দুই নারীসহ ১৫ জনকে আটক করা হয়েছে। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের প্রত্যেককে তিন মাসের কারাদন্ড দেওয়া হয়েছে। এ ছাড়া প্রত্যেককে ১০০ টাকা করে জরিমানা করা হয়েছে। সোমবার (১৯ অক্টোবর) বিকেল ৩টা ১০ মিনিট থেকে ৫টা

## আওলিয়ায় বিদেশি পিস্তল ও গুলিসহ গ্রেপ্তার ৩

নিজস্ব প্রতিনিধিঃ সাভারের আওলিয়ায় একটি অটোরিকশার অধিানে অভিযান চালিয়ে বিদেশি পিস্তল ও এক রাউন্ড গুলিভর্তি ম্যাগাজিন সহ তিনজনকে গ্রেপ্তার করেছে ঢাকা জেলা উত্তর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে অস্ত্র, মাদক, ডাকাতির প্রস্তুত ও চুরিসহ বিভিন্ন অপরাধে মোট নয়টি মামলা রয়েছে বলে জানিয়েছে পুলিশ। আওলিয়ার আউকপাড়া এলাকায় জাহানারা বেগমের একটি অটোগ্যারেজে অভিযান

## টাঙ্গাইলে গৃহবধুকে দলবদ্ধ ধর্ষণ ৬ জনের যাবজ্জীবন

নিজস্ব প্রতিনিধিঃ টাঙ্গাইলের দেলদুয়ারে এক গৃহবধুকে দলবদ্ধ ধর্ষণের দায়ে ছয়জনকে যাবজ্জীবন শাস্ত্র কারাদন্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে প্রত্যেককে ১ লাখ টাকা করে জরিমানা, অনাদায়ে আরও এক বছর বিনাশ্রম কারাদন্ড দেওয়া হয়েছে। সোমবার (১৯ অক্টোবর) দুপুরে টাঙ্গাইলের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক আ. ন. ম. ইলিয়াস এ রায় দেন। দন্তপ্রাপ্তা হলেন দেলদুয়ার উপজেলার মঙ্গলছোড়া গ্রামের হযরত আলীর ছেলে রাজন মিয়া, মজনু মিয়া, মিলন মো. রিফাত, মোবারকের ছেলে আব্দুর রউফ, সদর উপজেলার পয়লা পশ্চিমপাড়া গ্রামের নিলু মিয়া, ছেলে মো. আমির হামজা, কালিহাটী উপজেলার পৌলি গ্রামের নুরুল ইসলামের ছেলে আল আমিন এবং দেলদুয়ার উপজেলার পাথরাইল গ্রামের মৃত সিরাজ মিয়া'র দত্তপ্রাপ্তা মিয়া। মামলার বিবরণে জানা যায়, ২০২৪ সালের ২৯ অক্টোবর ওই গৃহবধু দেলদুয়ার উপজেলার আটিয়া গ্রামে তাঁর ফুফু শিউলী বেগমের বাড়িতে যান। সেখানে ফুফুর কাছ থেকে ৫০ হাজার টাকা ধার নেন তিনি। রাতে বাড়ি ফেরার পথে দন্তপ্রাপ্তরা তাকে জোরপূর্বক একটি টেটাইল মিলের কার্যালয়ে নিয়ে পাল্লাক্রমে ধর্ষণ করেন। এ সময় তাঁর মৃত্যুতে আরও ৫০ হাজার ২-এর পাতায় দেখুন

## পূজায় মেট্রোরেলের নতুন সময়সূচি



থেকে ২০ মিনিট বিরতিতে ট্রেন পরিচালনা করা হবে। সোমবার (১৯ অক্টোবর) সন্ধ্যায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের (ডিএমটিসিএল) জনসংযোগ কর্মকর্তা মো. আহসান উল্লাহ শরিফী এ তথ্য নিশ্চিত করেছেন। ডিএমটিসিএলের জনসংযোগ কর্মকর্তা জানান, পূজার ছুটির দিনগুলোতে পিক

নিজস্ব প্রতিনিধিঃ আসন্ন শারদীয় দুর্গাপূজার ছুটিতে মেট্রোরেল চলাচলের সময়সূচিতে পরিবর্তন এনেছে কর্তৃপক্ষ। ছুটির দিনগুলোতে যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে নির্ধারিত সময়ে ১০

২-এর পাতায় দেখুন

## সব ধর্মের মানুষ কাঁধে কাঁধে

একসঙ্গে লড়াই করেছেন। গণতন্ত্র ও ভোটাধিকার প্রতিষ্ঠার আন্দোলনেও সব ধর্মের মানুষের সম্মিলিত অংশগ্রহণের কথা তুলে ধরেন তিনি। তারেক রহমান বলেন, রাজনৈতিক অধিকার ও ভোটার অধিকার আদায়ে মানুষ যখন রাজপথে নেমেছিল, তখন আন্দোলনকারী একে অপরের ধর্মীয় পরিচয় জানতে চাননি। বরং মানুষের কথা বলার অধিকার ও ভোটাধিকার প্রতিষ্ঠায় সবাই একসঙ্গে সোচ্চার হয়েছিলেন। জুলাই গণঅভ্যুত্থানে সব ধর্মের মানুষের আত্মত্যাগের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, 'সেদিন তো সব ধর্মের মানুষই ছিল। এই যে যারা শহীদ হয়েছেন, আজকেই আমি ওসমানী উদ্যানে জুলাই শহীদ স্মৃতিস্তম্ভ উদ্বোধন করে এসেছি। সেখানে তো হিন্দু মানুষও আছে, মুসলমান মানুষও আছে, বৌদ্ধও আছে, খ্রিস্টানও আছে। সকলেই তো সেদিন জানে রাজধানী দিয়েছেন মানুষের অধিকার প্রতিষ্ঠিত করার জন্য।' দেশের উন্নয়ন ও পরিবর্তনের জন্য সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তারেক রহমান বলেন, 'এই দেশটির যদি পরিবর্তন ঘটে, এ দেশের মানুষের যদি পরিবর্তন ঘটে, তাহলে আপনি যেমন উপকৃত হবেন, আমিও উপকৃত হব।' প্রধানমন্ত্রী বলেন, 'আসুন, আমরা আমাদেরকি মানুষ হিসেবে বিবেচনা করি। একজন আরেকজনকে আমরা চিনি, জানি এই দেশের নাগরিক, বাংলাদেশি হিসেবে।' শারদীয় দুর্গাপূজা উপলক্ষে দেশের সব সনাতন ধর্মাবলম্বীকে শুভেচ্ছা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'আজকে এই অনুষ্ঠানটি হচ্ছে একটি আনন্দের অনুষ্ঠান। আজকে এই অনুষ্ঠানটি হচ্ছে একটি মিলনমেলা।'

## ইশরাকের অভিযান চালানো সেই

ও যুগপিছুলে ভেঙে দেওয়া হয়। অভিযানে অংশ নেওয়া কর্মকর্তারা জানান, সকাল থেকেই রেগলাইন-সংলগ্ন গুমটিয়ার এলাকায় প্রকাশ্যে মাদক কেনাবেচা ও সেবন চলছিল। বিকেলের ছদ্মবেশে থাকা এসআরবি-৩ ও ডিএনসির সদস্যরা অভিযান শুরু করলে সেখানে থাকা ব্যক্তির পালানোর চেষ্টা করেন। তাদের অনেককে ধোয়াল উপকূলে পাঠিয়ে যান। পরে ঘটনাস্থল থেকে মাদক কেনাবেচা ও সেবনের সঙ্গে জড়িত ১৫ জনকে আটক করা হয়। ডিএনসির ঢাকা উত্তরের উপপরিচালক মো. আনোয়ার হোসেন বলেন, 'এখানে মাদক কেনাবেচার সঙ্গে জড়িত ব্যক্তির সবাই ভাসমান। একবার অভিযান চালানো হলে পাঠিয়ে যান। কিছুক্ষণ পর আবার আসে। পুরোপুরি নির্মূল করা যায় না। জায়গাটিতে নিয়মিত কাউকে রাখতে পারলে সফল পাওয়া যাবে।' অভিযান শেষে আটক ব্যক্তিদের সাজা দেন ডায়ামাগ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মির্জা মোহাম্মদ তাওফিক শরিফ। তিনি সাংবাদিকদের জানান, আটক ১৫ জনকে তিন মাস করে কারাদণ্ড দেওয়ার পাশাপাশি প্রত্যেককে ১০০ টাকা করে জরিমানা করা হয়েছে। উল্লেখ্য, গত শনিবার (১৭ অক্টোবর) একই মাদক স্পটে ব্যক্তিগত ও সহযোগীদের নিয়ে অভিযান চালিয়ে আলোচনায় আসেন সদ্য সাবেক মন্ত্রিসভাব্যবস্থাপক প্রতিমন্ত্রী ইশরাফ হোসেন। ওই সময় তার হাতে আগ্নেয়াস্ত্র নিয়ে উপস্থিত ব্যক্তিদের দিকে এগিয়ে যাওয়ার দৃশ্য তার ফেসবুক পেজে প্রকাশিত একটি ভিডিওতে দেখা যায়। ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর একজন প্রতিমন্ত্রীর এভাবে অস্ত্র প্রদর্শন করে অভিযানে অংশ নেওয়া নিয়ে সমালোচনা শুরু হয়। এ ঘটনায় সরকার ও তার নিজ দল বিএনপির মধ্যেও অস্থিতি ও অসন্তোষ তৈরি হয়। সমালোচনার মুখে রোববার (১৮ অক্টোবর) প্রধানমন্ত্রী তারেক রহমান ইশরাফ হোসেনকে মন্ত্রিসভাব্যবস্থাপক প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগের নির্দেশ দেন। পরদিন সোমবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করে পদত্যাগের কথা জানান ইশরাফ হোসেন।

## প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করলেন

নির্মূলে আরও সক্রিয়ভাবে কাজ করতে চান। এ ছাড়া পরিস্থিতি কর্মসূচি জোরদার করা এবং দেশব্যাপী প্রজন্ম দলের সাংগঠনিক শক্তি বাড়ানো বিভিন্ন জেলা সফরের পরিকল্পনার কথাও জানিয়েছেন তিনি। উল্লেখ্য, সম্মতি ডাকা-৬ আসনের আওতাধীন গোড়ারিয়া এলাকায় মাদকবিরোধী অভিযানে ইশরাফ হোসেনের অস্ত্র হাতে থাকার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ নিয়ে আলোচনা-সমালোচনার মধ্যে তার পদত্যাগের বিষয়টি সামনে আসে।

## মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা

আমার কারণে যাতে আপনার কোনো কর্মকর্তা লুণ্ঠন না হয়ে যায়, দল যাতে বিবৃত না হয়। কারণ বিবৃত করা হচ্ছে। এর আগে, 'ফেসবুকে কিছু সুশীল মানুষকে উল্লাসসুখ লেখালেখি করতে দেলাম। আশা করি, ভবিষ্যতে কখনো আন্দোলন-সংগ্রামের প্রয়োজন হলে তারা জাতীয়তাবাদী আদর্শে অনুপ্রাণিত হয়ে বিদেশ থেকে দেশে এসে সেই আন্দোলনে যোগ দেবেন।' তিনি আরও লেখেন, 'এবার সংসদ সদস্য বা প্রতিমন্ত্রী হিসেবে নয়, একজন বিএনপি কর্মী হিসেবে মাদকের বিরুদ্ধে শতগুণ বেশি উদ্দীপনা নিয়ে কাজ করব, ইনশাআল্লাহ।' 'পরিচ্ছন্নতা কর্মসূচি আরও জোরদার হবে। দেশব্যাপী প্রজন্ম দলের সাংগঠনিক শক্তি বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন জেলা সফর করতে পারব।' পোস্টের শেষে ইশরাফ লেখেন, 'মন্ত্রী নয়, মাদক নির্মূল! মাদক নির্মূল, মাদক নির্মূল!'

## প্রেমের ফাঁদে ফেলে বন্ধুর স্ত্রীকে বিয়ে

হলেও ঘটনাটির কোনো সমঝোতা হয়নি। বাবু বার বার বন্ধু তুলসির কাছে স্ত্রীকে ফেরত চেয়েছেন। কিন্তু এতে কাজ হয়নি। এ ঘটনার জেরে রোববার রাত সাড়ে ১০টার দিকে কুঠিখাড়ি গ্রামের রাস্তায় বাবু তার বন্ধু তুলসির পেটে ছুরি চালিয়ে আহত করেন। স্থানীয়রা মূর্খ অবস্থায় তাকে প্রথমে ধুনট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। ধুনট থানার ওসি আতিকুল ইসলাম বলেন, সংবাদ পেয়ে তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এ ঘটনার সঙ্গে জড়িতদের আটকের জন্য অভিযান অব্যাহত রাখা হয়েছে।

## পদ্মায় অভিযানে সংসদ সদস্যের

সংরক্ষণ অভিযানে পদ্মা নদীতে অবস্থান করার সময় যে হামলার ঘটনাটি ঘটেছে, তা আমরা নিয়ন্ত্রণের চেষ্টা করছি। যারা এ ধরনের ঘটনা ঘটিয়েছে, তাদের শাস্ত হাতে প্রতিহত করবো। শরীয়তপুর জেলা মফস্ব কর্মকর্তা বিমুজ্জিৎ দেব জানান, পালেরচর এলাকায় অভিযানে যাওয়ার পর জেলেরা গ্রেপ্তারের ভয়ে ইটপাটকেল ছুড়েছিল। পরে অভিযান জোরদার করা হলে তারা পাঠিয়ে যায়। এ সময় আরও ৪১ জন জেলেকে আটক করি। শরীয়তপুর-১ আসনের সংসদ সদস্য সাইদ আহমেদ আসলামের গুপের জেলেরদের ইটপাটকেল নিক্ষেপের বিরুদ্ধে তিনি জানান, ঘটনাটি সরাসরি আমার গুপের কোন ব্যক্তিগত হামলা ঘটনা নয়, মূলত মা ইলিশ সংরক্ষণ অভিযানে আমার সাক্ষ্য আরো সত্যকারি কর্মকর্তা আইনশৃঙ্খলা বাহিনী ছিলো, অভিযান প্রতিহত করতেই তারা তাদের ফোকডের বিহীনপ্রকাশ ঘটিয়েছে, আশা করি, জেলেরা তাদের ভুল বুঝতে পেরে অবতণ্ড হবে এবং মা ইলিশ শিকার থেকে বিরত থাকবে।

## আজ প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফর

বরং পুরো যাতায়াত পথকে চকচকে করা হয়েছে। বিমানবন্দর সড়ক থেকে শুরু করে ভিআইপি সড়ক, সবখানেই চমকে দিচ্ছে বিশেষ সংকর ও পরিচ্ছন্নতা অভিযান। সড়কের দুই ধার থেকে সরিয়ে ফেলা হয়েছে সব ধরনের অবৈধ ব্যানার ও ফেস্টুন। এছাড়া নবনির্মিত সাইকেল ট্র্যাক, বোট ক্লাব সড়ক এবং নগরীর প্রধান ধর্মালীগুলোতে বর্ষা-পরবর্তী উন্নয়ন প্রকল্পগুলোর কাজ এখন দৃশ্যমান। সরকারপ্রধানের আগমন ঘিরে সাধারণ মানুষের মাঝে এক অন্যান্যকর্ম উদ্দীপনা লক্ষ্য করা গেছে। এ প্রসঙ্গে মেয়র বলেন, চট্টগ্রামের সর্বস্তরের জনগণ, বিশেষ করে সনাতন ধর্মাবলম্বী মা-বোনরাও প্রধানমন্ত্রীকে বরণ করে নিতে অধীর আগ্রহে অপেক্ষা করছেন। সবার স্বতঃস্ফূর্ত সহযোগিতা ও অংশগ্রহণে এই সফরটি একটি ঐতিহাসিক ও উৎসবমুখর আয়োজনে রূপ নেবে। জনপ্রিয় এলাকা জামালখানের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে মেয়র বলেন, নগরবাসীর অবসর সময় কাটানোর প্রিয় এই স্থানটিকে আরও বেশি জনবান্ধব, আকর্ষণীয় ও শৃঙ্খলাপূর্ণ করে গড়ে তুলতে বিশেষ রূপরেখা হাতে নেওয়া হয়েছে। পরিদর্শনকালে চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব মো. আশরাফুল আমিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ক্যাপ্টেন শামীম মোরাম্মদ খান, প্রধান প্রকৌশলী আনিসুর রহমানসহ চসিকের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ডেঙ্গুতে আরও ৪ জনের

বাসিন্দা। এ ছাড়া ঢাকা উত্তর সিটি করপোরেশন ও ময়মনসিংহ বিভাগে একজন করে মারা গেছেন। মৃত চারজনই নারী। স্বাস্থ্য অধিদপ্তরের পরিসংখ্যান অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে এখন পর্যন্ত দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ৩৫২ জনের মৃত্যু হয়েছে।

## রাশিয়ার হয়ে যুদ্ধে নেমে প্রাণ

বছরের মে মাসে রুশ সেনাবাহিনীতে যোগ দেন তিনি। এরপর থেকে পরিবারের সঙ্গে তার কোনো যোগাযোগ ছিল না। গত শনিবার (১৭ অক্টোবর) সাগরের এক সহকর্মীর মাধ্যমে তার মৃত্যুর খবর পায় পরিবার। সোমবার (১৯ অক্টোবর) বিষয়টি নিশ্চিত করেছেন সাগরের বাবা কবির হোসেন। নিহত সাগর কুমিল্লার চান্দিনা পৌরসভার ছায়কোট এলাকার কবির হোসেনের ছেলে। নিহত সাগরের বাবা কবির হোসেন জানান, আমরা ৫ সপ্তাহের মধ্যে সাগর সবার ছোট। সে চান্দিনার একটি রড-সিমেন্ট দোকানে ভ্যানে করে মালামাল আনা-নেওয়ার কাজ করে জীবিকা নির্বাহ করত। ২০২৫ সালের মাঝামাঝি রাশিয়া যাবে বলে বায়না ধরে। প্রায় ৬ লাখ টাকা খরচে রাশিয়া যায় সাগর। সেখানে গিয়ে একটি বেকারিতে চাকরি নেয়। পরে সেখানে কোনো এক দালালের খবরে পড়ে সাগর। সেই দালাল সাগরকে ৩০ লাখ টাকার প্রলোভন দেখিয়ে রুশ সেনাবাহিনীতে যোগ দিতে বলেন। তিনি বলেন, সাগর যখন আমাকে এসব বলল, আমি তাকে নিষেধ করেছিলাম। কিন্তু সে আমার কথা শোেননি। রাশিয়ার হয়ে যুদ্ধে জড়ায় সাগর। পরবর্তীতে চলতি বছরের মে মাসে যুদ্ধে যোগ দেয় সাগর। তারপর থেকে আর কোনো যোগাযোগ হয়নি তার সঙ্গে। গত শনিবার তার এক সহকর্মী আমাকে ফোন করে বলে সাগর মারা গেছে বলে ডুকরের কঁদে ওঠেন কবির হোসেন। এসময় মোবাইল সংযোগ বিচ্ছিন্ন করে দেন তিনি। সাগর ঠিক কবে মারা গেছেন, তার মরদেহ দেশে আনা হবে কি না ড্রুএসব বিষয়ে জানতে পরে বেশ কয়েকবার ফোন করা হলেও তিনি আর ফোন রিসিভ করেননি। চান্দিনা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আশরাফুল হক বলেন, সাংবাদিকদের মাধ্যমে খবরটি শুনেছি। আমি খোঁজ নিয়ে পরিবারটির সঙ্গে কথা বলব।

## টাসাইলে গৃহবধূকে দলবদ্ধ

টাকা ছিনিয়ে নেওয়া হয়। পরে জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ ফোন পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তত্ত্বাবধায়ীকে উদ্ধার করে। পরদিন তিনি বাদী হয়ে দেলদুয়ার থানায় মামলা করেন। মামলার তপস্ব করেন দেলদুয়ার থানার পরিদর্শক আজিজুল হক জেলাদার। তদন্ত শেষে তিনি আদালতে অভিযোগপত্র দাখিল করেন। রক্তপাকের কৌসুলি (পিপি) ওমরাও খান দিপু রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন।

## পূজায় মেট্রোরেলের নতুন

চলাচল করবে। সাধারণত মেট্রোরেলের নিয়ম অনুযায়ী: সকাল ৮টা ১০ মিনিট থেকে ১০টা ৩০ মিনিট এবং বিকেল পৌনে ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত সাধারণ 'পিক আওয়ার' হিসেবে ধরা হয়। উল্লেখ্য, স্বাভাবিক কর্মদিবসে পিক আওয়ারে প্রতি ৫-৬ মিনিট পর পর ট্রেন চলাচল করে। অন্যান্য অফ-পিক আওয়ার বা অন্যান্য সময়ে সাধারণত ৮-১০ মিনিটের ব্যবধানে ট্রেন স্টেশন ছাড়ে। ডিএমটিসিএলের নিয়মিত সময়সূচি অনুযায়ী শনিবার থেকে বৃহস্পতিবার: উত্তরা উত্তর স্টেশন থেকে সকাল সাড়ে ৬টায় প্রথম ট্রেন এবং রাত ৯টা ৫০ মিনিটে শেষ ট্রেন ছাড়ে। অন্যদিকে মতিঝিল স্টেশন থেকে প্রথম ট্রেন ছাড়ে সকাল ৭টা ১৫ মিনিটে এবং শেষ ট্রেন ছাড়ে রাত সাড় ১০টা। শুক্রবার: সাপ্তাহিক ছুটির দিন শুক্রবারে উত্তরা উত্তর থেকে বিকেল ৩টায় এবং মতিঝিল থেকে বিকেল ৩টা ২০ মিনিটে প্রথম ট্রেন ছাড়ে। এই দিনে দুই স্টেশন থেকে রাতের শেষ ট্রেন ছাড়ে যথাক্রমে ৯টা ৫০ মিনিট ও রাত ১০টা ৩০ মিনিটে।

## আশুলিয়ায় বিদেশি পিস্তল

চালিয়ে রোববার (১৮ অক্টোবর) বিকেলে তারপরে গ্রেপ্তার করা হয়। সোমবার (১৯ অক্টোবর) দুপুরে ঢাকা জেলা উত্তর ডিবি কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সংস্থাটির ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইদুল ইসলাম। গ্রেপ্তার ব্যক্তির নাম হলেন- আশুলিয়ার আউকপাড়া এলাকার মৃত ফিরোজ আহমেদের ছেলে সৈয়দ আলভী (৩০), উত্তর আউকপাড়া এলাকার মেহের হাঙ্গলাদারের ছেলে মো. মামুন (৩৪) এবং পটুয়াখালীর বাউফল থানার নওমালা এলাকার শহিদুলের ছেলে জহিরুল (২৭)। ডিবি পুলিশ জানায়, গ্রেপ্তার সৈয়দ আলভীর বিরুদ্ধে অস্ত্র আইনে একটি মামলা রয়েছে। মো. মামুনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুটি এবং অন্যান্য ধারায় আরও তিনটি মামলা রয়েছে। জহিরুলের বিরুদ্ধে ডাকাতির প্রস্তুতির একটি ও চুরির দুটি মামলা রয়েছে। এ ঘটনায় গ্রেপ্তার তিনজনের বিরুদ্ধে আশুলিয়া থানায় অস্ত্র আইনে মামলা দায়ের করা হয়েছে। পরে তাদের আদালতে পাঠানো হয়।

## চলতি অর্থবছরে স্থানীয় সরকারের

বিষয়ে চিন্তাভাবনা করা হবে। তবে এ বিষয়ে এখনই চূড়ান্ত কিছু জানাননি তিনি। নির্বাচনের তফসিল ঘোষণার সময় সম্পর্কে জানতে চাইলে মাহউদ বলেন, তফসিল ঘোষণার আগে এ বিষয়ে প্রয়োজনীয় কাজ করা হবে। নির্বাচন কমিশন এখনো তফসিল ঘোষণা করেনি। তাই এ বিষয়ে বিস্তারিত বলা সময় আসে। নির্বাচনী আইন পরিবর্তন না করেও সেনাবাহিনী মোতায়েনের এখতিয়ার নির্বাচন কমিশনের রয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আছে, সেটা আছে। আইন পরিবর্তন না করলেও আছে।' ইউপি নির্বাচনের প্রথম ধাপে আইনশৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় সেনাবাহিনী মোতায়েন করা হবে কি না, জানতে চাইলে তিনি বলেন, প্রথম ধাপের পরিস্থিতি পর্যালোচনা করে পরবর্তী ধাপে সেনাবাহিনী মোতায়েনের বিষয়টি বিবেচনা করা হতে পারে। স্থানীয় সরকার প্রতিমন্ত্রী ও গণমাধ্যমের পক্ষ থেকে ইউনিয়ন পরিষদসহ স্থানীয় সরকারের আওতাধীন সব নির্বাচন আয়োজনের জন্য নির্বাচন কমিশনের প্রতি অনুরোধ জানানো হয়েছে বলে উল্লেখ করেন সেনাবাদিকেরা। এ বিষয়ে কমিশনের পরিকল্পনা জানতে চাইলে মাহউদ বলেন, বর্তমানে ইউপি নির্বাচন নিয়ে কাজ করছে কমিশন। এ নির্বাচনে রাস্তার কারণে অন্য নির্বাচনগুলো নিয়ে এখনই বিস্তারিত পরিকল্পনা করা সম্ভব হচ্ছে না। সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি আরও বলেন, নির্বাচনের প্রস্তুতি ও সময়সূচি নির্ধারণের ক্ষেত্রে রাজনৈতিক দলগুলোর সহযোগিতাও প্রয়োজন হবে।

## চুরির নাটক সাজিয়ে নিজের সন্তানকে

তদন্তের একপর্যায়ে পরিবারের সদস্যদের বক্তব্যে অসংগতি দেখা দিলে তাদের থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। পরে নবজাতক বিক্রির ঘটনা সামনে আসে। পুলিশের তথ্য অনুযায়ী, শিশুটির বাবা আলাউদ্দিন ও মা সীমা খাতুনসহ পরিবারের কয়েকজন সদস্যের সম্মতিতে ২৫ থেকে ৩০ হাজার টাকার বিনিময়ে নবজাতকটিকে বিক্রি করা হয়। উপজেলার নওদা খাদিমপুর গ্রামের আনিস নামের এক শ্রেণীচিকিৎসক শিশুটিকে নেন। জিজ্ঞাসাবাদে আনিস পুলিশকে জানান, নিজের কোনো সন্তান না থাকায় লালন-পালনের উদ্দেশ্যে তিনি আলাউদ্দিনের কাছ থেকে শিশুটিকে নিয়েছেন। নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় কয়েকজন বাসিন্দা দাবি করেন, শিশুটিকে আরও বেশি দামে বিক্রির উদ্দেশ্যে চুরির নাটক সাজানো হয়ে থাকতে পারে। তবে এ অভিযোগের সত্যতা যাচাই করা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ। মিরপুর থানার ওসি মোহাম্মদ শহিদুল ইসলাম বলেন, বিষয়টি জানার পর তদন্ত করে নবজাতককে উদ্ধার করা হয়েছে। পরে তাকে তার মায়ের হেফাজতে ফিরিয়ে দেওয়া হয়েছে। নবজাতক বিক্রির পর চুরির নাটক সাজিয়ে থানায় অভিযোগ করা হয়েছিল বলে তদন্তে জানা গেছে। পুরো ঘটনা খতিয়ে দেখা হচ্ছে। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা জড়িত প্রক্রিয়া চলছে। এ বিষয়ে মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আফরোজা শাহীন খন্দক বলেন, ঘটনাটি শুনেছি। পুলিশ বিষয়টি নিয়ে কাজ করছে। আমরাও তদন্ত করছি। তদন্তের ভিত্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## ফৌজদারি অপরাধ হলে পদত্যাগ

সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন তিনি। আসিফ মাহমুদ বলেন, 'ইশরাফের পদত্যাগ এম্টি কিনা, সেটিই প্রশ্ন। সরকারের স্বচ্ছতা স্পষ্ট নয়। ফৌজদারি অপরাধ হলে পদত্যাগ যথেষ্ট নয়।' পূজামন্ডপে পরি নিরাপত্তা প্রসঙ্গে তিনি বলেন, মদিরের জন্য নির্দিষ্ট জোন করা উচিত। এখন পর্যন্ত খারাপ কোনো পরিস্থিতি তৈরি হয়নি। তবে উৎসবের বাকি সময়েও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ইশরাফ হোসেনের পদত্যাগের বিষয়ে তিনি আরও বলেন, আইনের শাসন দেখতে চাই। পদত্যাগ করিয়ে আইগোয়া দেখতে চাই না। পদত্যাগের মাধ্যমে বিষয়টি মাথাচাপা দেওয়ার চেষ্টা গ্রহণযোগ্য নয়। রাজ্যের ঘটনার প্রসঙ্গ টেনে তিনি বলেন, সেখানেও একজনকে পদত্যাগ করিয়ে পুরো ঘটনাকে অন্যদিকে ঘুরিয়ে দেওয়া হয়েছিল। ইশরাফ হোসেন আসুন মেয়র নির্বাচনে অংশ নেওয়ার উদ্দেশ্যে পদত্যাগ করেছেন কি না, সেই প্রশ্নও তোলে আশিফ মাহমুদ। তার মতে, এ ধরনের ঝড়ত্ব প্রদর্শনের ঘটনা সমসীাদের অস্ত্র নিয়ে একই ধরনের কর্মকাণ্ডে উৎসাহিত করতে পারে।



## রেলওয়ের জমি দখল ঠাকতে ফেনী-বিলোনিয়া রুটে ট্রেন চালুর প্রস্তাব

চট্টগ্রাম ব্যুরো অফিসঃ ফেনীর ফুলগাজী ও পরশুরামে রেলওয়ের জমি অবৈধ দখলমুক্ত করতে ফেনী-বিলোনিয়া রেলপথে পুনরায় ট্রেন চালুর প্রস্তাব দিয়েছেন ফুলগাজী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ কাউছার হামিম। তার প্রস্তাব অনুযায়ী, দুটি ছোট বগি দিয়েও এ রুটে ট্রেন চালু করা যেতে পারে। এতে রেলওয়ের সম্পত্তি রক্ষার পাশাপাশি স্থানীয় মানুষের যাতায়াতের সুযোগ তৈরি হবে। রোববার (১৮ অক্টোবর) ফেনী জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় এ প্রস্তাব দেন তিনি। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ মাহবুবউল করিম। সভায় ইউএনও বলেন, ফুলগাজী ও পরশুরামে রেলওয়ের জায়গা দখল করে বসি ও মাদকের আখড়া গড়ে উঠেছে। অনেক জায়গা বেদখল হয়ে যাচ্ছে। রেলওয়ের সম্পত্তি রক্ষা করতে হলে ছোট দুটি বগি নিয়ে হলেও ফেনী-বিলোনিয়া রুটে ট্রেন পুনরায় চালু করা যেতে পারে। এতে স্থানীয় মানুষও উপকৃত হবেন। এ বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেওয়ার কথা জানান জেলা প্রশাসক মোহাম্মদ মাহবুবউল করিম। একইসঙ্গে রেলওয়ের জায়গায় অবৈধ স্থাপনা উচ্ছেদে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন তিনি। জেলা প্রশাসক বলেন, রেলওয়ের সম্পত্তির ২৫ ফুটের মধ্যে কোনো জমি লিজ দেওয়া যাবে না। রেললাইনের পাশে অধিকাংশ জমি অবৈধভাবে দখল করা হয়েছে। যারা লিজ নিয়ে খাজনা দেননি এবং যাদের লাইসেন্স বাতিল করা হয়েছে, তাদের উচ্ছেদে ব্যবস্থা নিতে হবে। সভায় ফেনী সরকারি কলেজের পুরোনো লাল দালান সংরক্ষণ, দাগনভূঞার দাদনা খাল পুনঃখনন কার্যক্রমের অগ্রগতি, ড্রাগ লাইসেন্স ও ফ্যামিলি কার্ড কার্যক্রমের অগ্রগতি এবং শহরের স্কুল-কলেজের সামনে অস্বাভাবিক খাবার বিক্রির বিষয়েও আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ আল আমিন সরকারকে সতর্কানায় সভায় ফেনী সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ইব্রাহিম খলিল, সিভিল সার্জন ডা. মো. আরিফুল্লাহমান, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক নূরুদ্দীন মু. শিবলী নোমান, সড়ক ও জনপথ বিভাগ ফেনীর নির্বাহী প্রকৌশলী সুনীতি চাকমা, গণপুত্র বিভাগের নির্বাহী প্রকৌশলী শফিকুর রহমান, এলজিইউর নির্বাহী প্রকৌশলী মো. আশরাফ জামিল, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ মনিরুল ইসলাম, বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী সবুজ কান্তি মজুমদারসহ বিভিন্ন উপজেলার নির্বাহী কর্মকর্তা ও সরকারি দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, ১৯৯২ সালে চালু হওয়া ফেনী-বিলোনিয়া রেলপথটি ১৯৯৭ সালের ১৭ আগস্ট বন্ধ করে দেওয়া হয়। প্রায় ২৭ কিলোমিটার দীর্ঘ এ রেলপথে একসময় আটটি স্টেশন ছিল। রেলপথটি বন্ধ হওয়ার পর দীর্ঘদিন অব্যবহৃত থাকায় বিভিন্ন স্থানে রেলওয়ের জমি ও স্টেশন এলাকার অবকাঠামো বেদখল এবং ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি বিভিন্ন সময়ে গণমাধ্যমে উঠে এসেছে।

## ১৩০ বছর বয়সে হজ করা আলজেরীয় নারী সারহুদার ইস্তেকাল

অনলাইন ডেস্কঃ আলজেরিয়ার সবচেয়ে বয়োজ্যেষ্ঠ নারী হাজ্জা সারহুদা সিত্তিতি মারা গেছেন। প্রচলিত জন্মসন অনুযায়ী মৃত্যুকালে তার বয়স হয়েছিল ১৩২ বছর। সম্ভ্রান্তি সৌদি সংবাদমাধ্যম আল আরবিয়া তার পবিত্র হজ পালনের বিশেষ ভিডিওচিত্র শেয়ার করে এই মৃত্যুর খবরটি নিশ্চিত করেছে। সারহুদার জন্ম গালমা প্রদেশের শিনিউ এলাকায়। পরে তিনি তেবোয়া শহরে বসবাস করতেন। ১৮৯৪ সালে জন্মগ্রহণ করা এই নারী দীর্ঘ জীবন, বড় পরিবার এবং জীবনের শেষ দিকে হজ পালনের কারণে দেশজুড়ে পরিচিতি পান। তার মৃত্যুতে আলজেরিয়া শোকের পাশাপাশি ব্যাপক আগ্রহও তৈরি হয়েছে। ২০ বছর বয়সে বিয়ে করেন সারহুদা। তার ১৫ জন সন্তান ছিল। জীবনের বড় অংশটাই তিনি সন্তান, নাতি-নাতনি ও পরিবারের সদস্যদের সঙ্গে কাটিয়েছেন। ২০২৪ সালের জুনে ১৩০ বছর বয়সে তিনি পবিত্র হজ পালন করেন। এতে তিনি বিশেষভাবে আলোচনায় আসেন। দীর্ঘদিনের স্বপ্ন পূরণ করে সৌদি আরবে হজ করতে যাওয়ার খবর তখন গণমাধ্যমে বেশ গুরুত্ব পায়। এর আগে তিনি দুইবার গুমরাহ করেছিলেন বলে বিভিন্ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। ১৮৯৪ সালের জন্মসন ধরলে সারহুদার জীবদ্দশায় আলজেরিয়ার ইতিহাসের বড় বড় পরিবর্তন ঘটে গেছে। তিনি ফরাসি উপনিবেশিক শাসন দেখেছেন, স্বাধীনতা সংগ্রাম ও দেশের স্বাধীনতা অর্জনের সময়কাল পার করেছেন। এরপর কয়েক দশকের রাজনৈতিক ও সামাজিক পরিবর্তনেরও সাক্ষী ছিলেন তিনি। তেবোয়া পরিবারের সঙ্গে থাকা এই নারীর জীবনকাহিনি আলজেরিয়ার মানুষের কাছে বিশেষ তাৎপর্য বহন করে।



## ফুলপুরে পূজামন্ডপে নিরাপত্তা তদারকি ও স্ট্রাইকিং টিমের টহল জোরদার

তপু রায়হান রাস্কি, ফুলপুর (ময়মনসিংহ) প্রতিনিধিঃ শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, নিরাপদ ও নির্বিঘ্নভাবে উদ্‌যাপন নিশ্চিত করতে ময়মনসিংহের ফুলপুরে ১৮ অক্টোবর সন্ধ্যায় পূজামন্ডপ পরিদর্শন ও নিরাপত্তাব্যবস্থা তদারকি করেন জেলা কমান্ডান্ট সোহেবুর রহমান, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা অমর ফারুক, তাকওয়া অসহায় সেবা সংস্থার প্রতিষ্ঠাতা পরিচালক তপু রায়হান রাস্কি, গোয়েন্দা সংস্থার উপজেলা প্রতিনিধি সহ বাহিনীর অন্যান্য কর্মকর্তাবৃন্দ। এ সময় পূজামন্ডপের সার্বিক নিরাপত্তা পরিদর্শিত পূর্ববেক্ষণের পাশাপাশি আনসার ব্যাটালিয়নের স্ট্রাইকিং টিমের টহল কার্যক্রম জোরদার করা হয়। উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পূজামন্ডপ ও আশপাশের এলাকায় স্ট্রাইকিং টিমের নিয়মিত টহলের মাধ্যমে সার্বিক আইনশৃঙ্খলা পরিদর্শিত পর্যবেক্ষণ এবং যেকোনো অনাকাঙ্ক্ষিত ঘটনাকে দ্রুত মোকাবিলায় প্রস্তুত বজায় রাখা হয়। পাশাপাশি পূজামন্ডপে দায়িত্বপ্রাপ্ত আনসার-ভিডিপি সদস্যরা নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি বয়স্ক, অসুস্থ ও চলাচলে অক্ষম ব্যক্তিদের পূজামন্ডপে প্রবেশ ও প্রতীমা দর্শনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছেন। তাদের এই মানবিক উদ্‌যোগে দর্শনাধীরা আরও স্বাচ্ছন্দ্যে ও নিরাপদে পূজার আনন্দ উপভোগ করতে পারছেন।



## এবার ইতালিতেও বিক্ষোভ আহত ১৪১ পুলিশ, গ্রেপ্তার ১৯৭

অনলাইন ডেস্কঃ জীবনযাত্রার ব্যয়, জ্বালানির দাম বৃদ্ধি ও করের বোঝা বাড়ার প্রতিবাদে প্রতিবেশী দেশ ফ্রান্সের মতো বিক্ষোভ ছড়িয়ে পড়েছে ইতালির বিভিন্ন শহরে। শনিবার শুরু হওয়া এই বিক্ষোভে বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটে। এতে অন্তত ১৪১ জন পুলিশ সদস্য আহত হয়েছেন। রোববারের (১৮ অক্টোবর) বিক্ষোভ ঘিরে ১৯৭ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ইতালির সংবাদমাধ্যম ফাই টিজি২৪-এর তথ্য অনুযায়ী, শনিবার সহিংসতা, পুলিশকে বাধা দেওয়া এবং সরকারি সম্পত্তি ভাঙচুরের অভিযোগে ২৮ জনকে গ্রেপ্তার করা হয়। তাদের মধ্যে ১২ জন অপ্রাপ্তবয়স্ক। পরদিন রোববার গ্রেপ্তার হন আরও ১৯৭ জন। তাদের মধ্যে ৪৩ জনকে আদালতে হাজির করা হয়েছে। 'ইতালিয়া ইন পিয়াজ্জা' ব্যানারে আয়োজিত এই বিক্ষোভে দেশটির বিভিন্ন শহরের মানুষ অংশ নেন। পুলিশের হিসাব অনুযায়ী, মিলানে প্রায় ৫ হাজার, তুরিনে ৩ হাজার, বোলোনিয়ায় ২ হাজার, বেরগামোতে ৮০০ এবং ব্রেসিয়ায় ৬০০ জন বিক্ষোভ করেন। মিলানে বিক্ষোভের একপায়ে কয়েকটি দল পুলিশকে লক্ষ্য করে পাথর, বোতল ও আতশবাজি ছোড়ে। ব্যারিকেডও নিক্ষেপ করা হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ কাদানে গ্যাস ও জলকামান ব্যবহার করে। এ সময় শহরের বিভিন্ন দোকানে ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটে। ইতালির সামরিক পুলিশ কারাবিনিয়ন্ত্রিত একটি গাড়িও ভাঙচুর করা হয়। মিলানে বিক্ষোভে জড়িত থাকার অভিযোগে ১৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। খুচরা বিক্ষোভদের সংগঠন কনফেডেরাটিওন বরাত দিয়ে ফাই টিজি২৪ জানিয়েছে, গত দুই দিনের বিক্ষোভে দোকান ও ব্যবসাজীস্থানগুলোতে পাঁচ লাখ ইউরোর বেশি ক্ষয়ক্ষতি হয়েছে। তুরিনে সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগে এক প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। এ ছাড়া ট্রেন্সলেবোমা বহনের অভিযোগে তিন অপ্রাপ্তবয়স্ককে আটক করেছে পুলিশ। বোলোনিয়ায় রেলস্টেশনের কাছে সংঘর্ষের ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে আরও পাঁচ অপ্রাপ্তবয়স্ককে। সেখানে বিক্ষোভকারীরা পুলিশকে লক্ষ্য করে পাথর, বোতল ও ব্যারিকেড ছোড়েন। পরিস্থিতি সামাল দিতে পুলিশ কাদানে গ্যাস ও জলকামান ব্যবহার করে। বিক্ষোভে সহিংসতার ঘটনায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের প্রতি সমর্থন জানিয়েছে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলেনি। সহিংসতার নিন্দা জানাতে বিরোধী দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। তবে একই সঙ্গে তিনি বলেছেন, বিক্ষোভে অংশ নেওয়া হাজারো মানুষ শান্তিপূর্ণভাবেও তাদের দাবি জানিয়েছেন। উপপ্রধানমন্ত্রী মাতেও সালভিনি জানিয়েছেন, তার দল লিগ পার্লামেন্টে একটি প্রস্তাব আবারও উপস্থাপন করবে। প্রস্তাবটিতে বৃষ্টিপাতের ক্ষেত্রে বিক্ষোভের আয়োজকদের সন্ধ্যা ক্ষয়ক্ষতি পূরণের জন্য আর্থিক নিশ্চয়তা দেওয়ার বিধান রাখার কথা বলা হয়েছে। মিলানের মেয়র জিউসেপ্পে সালা বলেছেন, বিক্ষোভকারীদের অসহযোগের কারণ বোঝা গেলেও পুলিশের ওপর হামলা ও শহরের সম্পদ নষ্ট করার কোনো

## খবরের বাকি অংশ

### নিহতদের ময়নাতদন্ত

তদন্ত কর্মকর্তাকে দিয়েছি। কিন্তু ময়নাতদন্ত করিনি। তিনি আরো বলেন, নিহতদের পরিবারের পক্ষ থেকে কল্পবাজারের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বরাবরে ময়নাতদন্ত না করা আবেদন করা হয়েছে বলে জেনেছি। আর আমরা জেলা ম্যাজিস্ট্রেটের নির্দেশ-নামতো কাজ করছি। কল্পবাজারের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) তাসনীর জাহান বলেন, আমরা পাঁচটি মরদেহের ময়নাতদন্ত না করার আবেদন পেয়েছি। এছাড়া, আরো কিছু আবেদন কুরিয়ালের মাধ্যমে পাঠানো হয়েছে বলে খবর পেয়েছি। তবে আমরা এখানে নিশ্চিত নই কোন মরদেহ কার। যারা আবেদন করছেন সেই মরদেহগুলো যে তাদের স্বজনদের তা নিশ্চিত হওয়া আগে জরুরি। তাই ডিএনএ প্রতিবেদন না পাওয়ার আগে আমরা কোন আবেদন বিবেচনা নিব না। তবে মানবিক দৃষ্টিকোণ থেকে প্রতিবেদন পাওয়ার আগ পর্যন্ত ময়নাতদন্ত করা হচ্ছে না। এ ব্যাপারে উখিয়া থানার ওসি আতিকুর রহমান মজুমদার বলেন, এটি সরাসরি হত্যা মামলা নয়। তাই এই মামলার প্রেক্ষিতে ময়নাতদন্ত না হলে তেমন আইনি জটিলতা তৈরি হবে না। তিনি আরো বলেন, অবলোচনিত কারণে মৃত্যুর ধারায় মামলাটি লিপিবদ্ধ হয়েছে। এই ধারায় সাজা হচ্ছে মৃত্যুর ১০ বছরের কারাদণ্ড।

### বিসিএসে মেধা তালিকা ২৮তম

সোমবার (১৯ অক্টোবর) সকালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মনিরুজ্জামান তার ফেসবুক আইডিতে এই পোস্ট দেন। পোস্ট দেয়ার ৯ ঘণ্টার পোস্ট ফেসবুকে ছড়িয়ে পড়েছে। ইতিমধ্যে পোস্টে ৮৬২ রিঅ্যাক্ট, ২৮৯ মন্তব্য ও ১২৭ টি শেয়ার হয়েছে। পোস্টে তিনি লিখেন, আমি মনিরুজ্জামান, সেশন ২০১৫-১৬, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ৪৫ তম বিসিএস খসড়া ক্যাডার গ্যাজেট বঞ্চিত। সুস্থ মস্তিষ্কে ঘোষণা করতেছি। বৃহস্পতিবারের মাঝে কোথা সিদ্ধান্ত না আসলে, আগামী শুক্রবার ২৩ অক্টোবর সকল মিডিয়ায় সামনে, জুলাই চক্রে ফাঁসিতে ঝুলে আত্মহত্যা করবো। সূচিকর্তা আমাকে ক্ষমা করে দিও। মনিরুজ্জামান বলেন, এই রাষ্ট্র আমার না। চার বছরের অকৃত্রিম প্রশিক্ষণ ও ধৈর্যের ফলাফল আজ শূন্য। কীভাবে বৃদ্ধ আকার সামনে যাব, জানি না। শুধু একটাই প্রশ্ন-কী অপরূহ মেধা তালিকায় ২৮তম হওয়ার পরও বিসিএসে চূড়ান্ত গেজেট থেকে বাদ পড়ে এভাবে নিজের চরম ক্ষোভ ও হতাশার কথা বলছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাবুবি) মাৎস্যবিজ্ঞান অনুষদের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মনিরুজ্জামান। বাংলাদেশ সরকারি কর্ম

কমিশন (বিপিএসসি) কর্তৃক প্রকাশিত ৪৫তম বিসিএসের চূড়ান্ত ফলাফলে মনিরুজ্জামান খসড়া ক্যাডারে মেধা তালিকায় ২৮তম স্থান অর্জন করে। ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত হন। তবে সম্ভ্রান্তি জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রকাশিত চূড়ান্ত গেজেটে নিজের নাম না দেখে হতবাক হয়ে পড়েন এই অদম্য মেধাবী। জি্লিগিনারি, লিখিত ও ভাড়া সাফল্যের সাথে পার করার পরও কেন চূড়ান্ত গেজেট থেকে বঞ্চিত হতে হলো, তার কোনো স্পষ্ট উত্তর নেই মনিরুজ্জামানের কাছে। অন্যত্রো প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, আমাকে কেন বাদ দেওয়া হলো, এর কোনো উত্তর আমার জানা নেই। আমি কখনোই কোনো রাজনৈতিক দলের সাথে যুক্ত ছিলাম না। তিনি আরও বলেন, বৈষম্যবিরোধী জুলাই অভ্যুত্থানের সময় একদম শুরু থেকেই সানের সারিতে থেকে লড়াই করছি। যে বৈষম্যের বিরুদ্ধে আমরা লড়াই করেছিলাম, আজ সেই একই বৈষম্যের শিকার হতে হলো আমাকে। ভেরিফিকেশনের নামে প্রার্থীর জীবন ধ্বংসের অভিযোগ তুলে তিনি আরও বলেন, একটি বিসিএসের পেছনে একজন শিক্ষার্থীকে জীবনের মূল্যবান কয়েকটি বছর লড়াই করতে হয়। প্রতীতি ধাপ অতিক্রম করার পর চূড়ান্ত গেজেট থেকে বাদ দেওয়া সম্পূর্ণ অমানবিক। কোনো রাষ্ট্রবিরোধী কাজ বা মামলা-মকদ্দমা না থাকার পরও 'পুলিশ ভেরিফিকেশন'-এর দোহাই দিয়ে আর কত প্রার্থীর জীবন নষ্ট করা হবে?

### শরীফপুর ইউনিয়নে নির্বাচনী

এলাকাগুলোতে তাঁর টানা গণসংযোগ ও পথসভায় গর্বস্বরের ভোটারদের ভিড় লক্ষ্য করা গেছে। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা গেছে, দীর্ঘ দিন যুগেরও বেশি সময় ধরে জাতীয়তাবাদী রাজনীতির সঙ্গে যুক্ত থেকে রাজপথের সংগ্রাম ও জনকল্যাণমুখী কাজে নিয়োজিত রয়েছেন মোঃ মিজানুর রহমান হামিদী। ছাত্রজীবনে নান্দিনা কলেজ ছাত্রলীগের সিনিয়র যুগ্ম আহ্বায়ক, ৯০-এর খেয়াচার বিরোধী সর্বদলীয় ছাত্র এককের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের পাশাপাশি তিনি সম্মেলনের মাধ্যমে নির্বাচিত হয়ে ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক, আহ্বায়ক এবং আঞ্চলিকবার সভাপতির দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে তিনি সদর উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক হিসেবেও দক্ষতার স্বাক্ষর রেখেছেন। গণসংযোগকালে এলাকার সুশীল সমাজ, প্রবীণ ও তরুণ ভোটারদের সঙ্গে মতবিনিময়কালে মোঃ মিজানুর রহমান হামিদী বলেন, "আমি পদের লোভে নয়, এলাকার মানুষের সেবক হিসেবে আজীবন কাজ করে যেতে চাই। শরীফপুর ইউনিয়নবাসীকে একটি আধুনিক, মাদকমুক্ত,

হয়রানিমুক্ত ও বৈষম্যমহীন মডেল ইউনিয়নে রূপান্তর করাই আমার মূল উদ্দেশ্য।" তিনি আরও জানান, নির্বাচিত হলে নাগরিক সননপত্র, জন্ম-মৃত্যু নিবন্ধন, ওয়ারিশান সনদসহ সকল প্রশাসনিক সেবা সাধারণ মানুষের দোরগোড়ায় কোনো ধরনের হয়রানি ও অতিরিক্ত অর্থ ছাড়া পৌঁছে দেওয়া নিশ্চিত করবেন। পাশাপাশি বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার সুখ বণ্টন এবং রাজস্বের টেকসই উন্নয়নে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করবেন। নির্বাচনের দিন যত ঘনিয়ে আসছে, স্থানীয় রাজনীতিতে মোঃ মিজানুর রহমান হামিদীর পক্ষে জনমর্মন ততই দৃশ্যমান হচ্ছে। প্রবীণদের আশীর্বাদ আর তরুণদের সামাজিক অঙ্গীকারকে সঙ্গে নিয়ে তিনি নির্বাচনী প্রচারণায় সবচেয়ে এগিয়ে রয়েছেন বলে মনে করছেন স্থানীয় রাজনৈতিক বিশ্লেষক ও সাধারণ ভোটাররা।





## চলতি অর্থবছরে স্থানীয় সরকারের সব নির্বাচন করা কঠিন: ইসি মাছউদ

নিজস্ব প্রতিনিধি। চলতি ২০২৬-২৭ অর্থবছরের মধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সব নির্বাচন আয়োজন করা কঠিন হবে বলে মনে করছেন জ্যেষ্ঠ নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। তার মতে, বর্তমানে ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচন নিয়ে ব্যস্ত রয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এ নির্বাচন নিয়ে কাজ এগিয়ে নেওয়ার পর অন্যান্য স্থানীয় সরকার নির্বাচনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। সোমবার (১৯ অক্টোবর) রাজধানীর আগার-গাঁওয়ে নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। আব্দুর রহমানেল মাছউদ বলেন, 'এখন যেহেতু আমরা ইউপি নির্বাচন নিয়ে ব্যস্ত, এ নির্বাচন শেষ হওয়ার পর অন্যান্য স্থানীয় সরকার নির্বাচনের বিষয়টি চিন্তাভাবনা করা হবে। আপাতত এ বিষয়ে কোনো পদক্ষেপ নেওয়ার মতো পরিস্থিতি নেই।' চলতি অর্থবছরের মধ্যে স্থানীয় সরকারের সব নির্বাচন আয়োজন করা সম্ভব হবে কি না, জানতে চাইলে তিনি বলেন, 'মনে হয় না যে সব করতে পারব। এটি আমার ব্যক্তিগত মতামত।' জ্যেষ্ঠ এই নির্বাচন কমিশনার বলেন, আবহাওয়া ও সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে কমিশনকে কাজ করতে হচ্ছে। বিভিন্ন কারণে নির্বাচনের প্রক্রিয়া ও সময়সূচিতে পরিবর্তন আনতে হতে পারে। ইউপি নির্বাচনের তফসিল ঘোষণার আগে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপ হবে কি না, জানতে চাইলে তিনি বলেন, তফসিল ঘোষণার আগে সংলাপের

কল্পবাক্যের বিসেষ্ট আদর্শ

## নিহতদের ময়নাতদন্ত চান না স্বজনরা

নিজস্ব প্রতিনিধি। কক্সবাজারের ইনানীর পাটুয়ারটেকের টুপটুপ রেস্টো অ্যান্ড রিসোর্সের অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্ধার হওয়া ১০ মরদেহ কক্সবাজার সদর হাসপাতাল মর্গের হিমাগারে রাখা হয়েছে। নিয়মানুসারে অস্বাভাবিক মৃত্যুর সব দেহ ময়নাতদন্ত বাধ্যতামূলক। তবে টুপটুপে নিহতদের পরিবারের সদস্যরা আবেদন করেছেন বিনা-ময়নাতদন্তে মরদেহগুলো যেন ফেরত দেওয়া হয়। তবে পরিচয় শনাক্ত না হওয়া পর্যন্ত এসব মরদেহের ময়নাতদন্ত করা হবে না বলে সিদ্ধান্ত নিয়েছে কক্সবাজারের জেলা প্রশাসন। কক্সবাজার সদর হাসপাতালের আবাসিক চিকিৎসক ডা. এস এম সোহেল বলেন, রবিবার বিকালে আমরা মরদেহ থেকে ডিএনএর স্যাম্পল সংগ্রহ করে মামলার ৩-এর পাতায় দেখুন



## ফৌজদারি অপরাধ হলে পদত্যাগ যথেষ্ট নয় -আসিফ মাহমুদ

নিজস্ব প্রতিনিধি। ফৌজদারি অপরাধের ক্ষেত্রে শুধু পদত্যাগ করলেই দায় শেষ হয় না বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ। মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাফ হোসেনের পদত্যাগের প্রসঙ্গ টেনে তিনি বলেন, পদত্যাগের মাধ্যমে দায় এড়ানোর চেষ্টা হচ্ছে কি না, সেটি খতিয়ে দেখা প্রয়োজন। সোমবার (১৯ অক্টোবর) রাজধানীর খামারবাড়িতে একটি পূজামন্ডপ পরিদর্শন শেষে ২-এর পাতায় দেখুন

## বিসিএসে মেধা তালিকায় ২৮তম হয়েছে গেজেট বঞ্চিত জুলাইযোদ্ধার আত্মহত্যার ঘোষণা



তপু রায়হান রাব্বি, ফুলপুর (ময়মনসিংহ) প্রতিনিধি। বিসিএসে মেধা তালিকায় ২৮তম হয়েছে গেজেট বঞ্চিত জুলাইযোদ্ধা সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) আত্মহত্যার ঘোষণা দিয়েছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাবু) মাংসবিজ্ঞান অনুষদের শিক্ষাবর্ষের শিক্ষার্থী মনিরুজ্জামান। ফেসবুক পোস্ট ফেসবুকে ছড়িয়ে পড়ার পর ব্যাপক আলোচনা-সমালোচনা সৃষ্টি হয়েছে। ৩-এর পাতায় দেখুন

## জামায়াত আমিরের আউল-ফাউল বক্তব্যে মানুষ হাসি-তামাশা করছে: রাশেদ খান



নিজস্ব প্রতিনিধি। জামায়াতে ইসলামীর সমালোচনা করে প্রধানমন্ত্রী রাজনৈতিক সহকারী রাশেদ খান বলেছেন, যারা সরকারকে সহযোগিতা করবে না, তারা কীভাবে জনগণকে সহযোগিতা করবে? জামায়াতের আমির মাঝে মাঝে যে ধরনের আউল-ফাউল বক্তব্য দিচ্ছেন, তা শুনে মানুষ হাসি-তামাশা করছে। জামায়াতের আমির একসময় জাসদ ছাত্রলীগের নেতা ছিলেন, ছাত্রলীগের স্টাইলে তার বক্তব্য এখনো লক্ষ্য করছি। সোমবার (১৯ অক্টোবর) দুপুরে বিনাইদহ জেলা পরিষদের উদ্যোগে কেন্দ্রীয় বারোয়ারী পূজা মন্দিরে আর্থিক সহায়তা প্রদান অনুষ্ঠানে সাংবাদিকদের সাথে কথা বলার সময় তিনি এসব কথা বলেন। তখন রাশেদ খান জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের শরিক দল এনসিপিকে নিয়েও সমালোচনা করেন। দলটির উদ্দেশ্যে তিনি বলেন, যারা একাত্তরে বাংলাদেশ চায়নি, তাদের সাথে জোট করে বাংলাদেশ গঠন করা যাবে না। এই অনুষ্ঠানে অতিথি ছিলেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান-ও। তিনি বলেছেন, বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বারবার প্রমাণ করেছে। যা ঐতিহাসিকভাবে প্রমাণিত। সেই সম্প্রীতি রক্ষা করতে আমাদের কোনো দিখা নেই।

## শরীফপুর ইউনিয়নে নির্বাচনী উত্তাপ প্রচারণার শীর্ষে মিজানুর রহমান হামিদী



বিশেষ প্রতিনিধি, জামালপুর। আসন্ন ২৯শে শরীফপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে জামালপুর সদর উপজেলাজুড়ে নির্বাচনী মেজাজ ও রাজনৈতিক উত্তাপ তুঙ্গে। অলিগলি, হাট-বাজার থেকে শুরু করে চায়ের দোকান-সর্বত্রই এখন বইছে জোটের হাওয়া। স্থানীয়দের সুখে-দুখে পাশে থাকা এবং দীর্ঘদিনের রাজনৈতিক ও সামাজিক গ্রহণযোগ্যতার কারণে প্রার্থী তালিকায় আলোচনার শীর্ষে উঠে এসেছেন শরীফপুর বাজারে একটি বিশাল নির্বাচনী সভাপতি ও সাবেক ছাত্রনেতা মোঃ মিজানুর রহমান হামিদী। নির্বাচনী হাওয়া জোরদার হওয়ার পর থেকেই তিনি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে নিরামিত গণসংযোগ, মতবিনিময় ও ঘুরোয়া বৈঠক চালিয়ে যাচ্ছেন। সম্প্রতি শরীফপুর বাজারে একটি বিশাল নির্বাচনী গণসংযোগে ব্যবসায়ী ও পথচারীদের অভূতপূর্ব স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দেখা যায়। এছাড়া অনন্ত বাড়ি, বাদেচাদি, খলিশাকুড়া, রনরামপুর, খাটাণাড়া, পক্ষিমারি মোড়, বেড়া পাখালিয়া, তেঁতুলতলা বাজার হয়ে মুকুল বাজার পর্যন্ত ৩-এর পাতায় দেখুন

## আজ প্রধানমন্ত্রীর চট্টগ্রাম সফর



নতুন রূপে সেজেছে বন্দরনগরী সর্বাঙ্গিক প্রস্তুতি সম্পন্ন করেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। সোমবার (১৯ অক্টোবর) দুপুরে প্রধানমন্ত্রীকে বরণে সার্বিক প্রস্তুতি এবং জে এম সেন হলের সৌন্দর্যবর্ধন কাজ পরিদর্শনকালে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন এসব তথ্য জানান। চসিক মেয়র বলেন, চার দিন আগের জে এম সেন হলের চিত্রের সঙ্গে আজকের অবস্থার আকাশ-পাতাল পার্থক্য। সিটি করপোরেশনের নিরলস প্রচেষ্টায় জায়গাটিকে অত্যন্ত দৃষ্টিভঙ্গি করে সাজানো হয়েছে। আমরা চেয়েছি, প্রধানমন্ত্রী এখানে পা রাখলেই যেন চট্টগ্রামের ঐতিহ্য, ইতিহাস ও সংস্কৃতির মোহনীয় রূপ দেখতে পান। চট্টগ্রামের গৌরবময় ইতিহাসের কথা স্মরণ করে ডা. শাহাদাত হোসেন বলেন, যাত্রা মোহন সেনগুপ্ত, যতীন্দ্র মোহন সেনগুপ্ত, সূর্য সেন ও মহিমচন্দ্র দাসের মতো ক্ষণজন্মা বিপ্রবীরের স্মৃতিচিহ্নগুলো একসময় অযত্ন আর অবহেলায় পড়ে ছিল। নতুন প্রজন্মকে সঠিক ইতিহাস জানাতে এই ঐতিহাসিক স্থাপনাগুলো সংরক্ষণ ও দৃষ্টিভঙ্গি উপায়ে উপস্থাপন করা হয়েছে। প্রধানমন্ত্রীর আগমনকে কেন্দ্র করে শুধু একটি নির্দিষ্ট এলাকা নয়, ২-এর পাতায় দেখুন

## চুরির নাটক সাজিয়ে নিজের সন্তানকে বিক্রি করলেন বাবা

নিজস্ব প্রতিনিধি। কুষ্টিয়ার মিরপুরে ২৫ হাজার টাকায় নিজের দুই দিন বয়সী ছেলেকে সন্তানকে বিক্রি করে চুরির নাটক সাজানোর অভিযোগ উঠেছে বাবা মোহাম্মদ আলাউদ্দিনের বিরুদ্ধে। এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরি (জিডি) করার পর পুলিশের তদন্তে নবজাতক বিক্রির বিষয়টি সামনে আসে। গত রোববার (১৮ অক্টোবর) রাতে উপজেলার বহলবাড়িয়া এলাকা থেকে শিশুটিকে উদ্ধার করে মায়ের হেফাজতে দিয়েছে পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মিরপুর উপজেলার চিহলিয়া গ্রামের বাসিন্দা মোহাম্মদ আলাউদ্দিন গতকাল দুপুরে মিরপুর থানায় একটি জিডি করেন। এতে তিনি দাবি করেন, মিরপুরের একটি বেসরকারি ক্লিনিকে সিজারিয়ান অস্ত্রোপচারের মাধ্যমে জন্মের পর তার দুই দিন বয়সী ছেলেকে সন্তান হিসেবে বিক্রি করে দেওয়া হয়েছে। অভিযোগ পাওয়ার পর তদন্তে নামে মিরপুর থানা-পুলিশ। ২-এর পাতায় দেখুন



## শুধু ফাঁকি দিয়ে আনা ১৫ হাজার কেজি লাল চিনি জপ

চট্টগ্রাম বুয়েট অফিস। নোয়াখালীর হাতিয়ায় শুধু ফাঁকি দিয়ে আনা ১৫ হাজার কেজি লাল চিনি জপ করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। এ সময় চিনি পরিবহনে ব্যবহৃত একটি সিল বন্ডার ল্যাভিঞ্জ ক্রাফটও জপ করা হয়। জপ করা চিনির আনুমানিক বাজারমূল্য ২৪ লাখ টাকা। তবে এ ঘটনায় কাউকে আটক করা সম্ভব হয়নি। সোমবার (১৯ অক্টোবর) সন্ধ্যায় কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাকিব আলম সুজন এ তথ্য জানান। কোস্ট গার্ড জানায়, সোমবার দুপুর ১টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে নোয়াখালীর হাতিয়া উপজেলার টাংকি খালসংলগ্ন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে কোস্ট গার্ড স্টেশন হাতিয়া। এ সময় সন্দেহজনক একটি সিল বন্ডার ল্যাভিঞ্জ ক্রাফট ট্রলি চালিয়ে শুধু ফাঁকি দিয়ে আনা ১৫ হাজার কেজি লাল চিনি জপ করা হয়। একই সঙ্গে চোরালানে ব্যবহৃত ল্যাভিঞ্জ ক্রাফটটিও জপ করা হয়। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে চোরাকারবারিরা পালিয়ে যাওয়ার কাউকে আটক করা সম্ভব হয়নি বলে জানান তিনি। লেফটেন্যান্ট কমান্ডার সাকিব আলম সুজন আরও বলেন, জপ করা চিনি ও ল্যাভিঞ্জ ক্রাফটের বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। চোরালানে রয়েছে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## সাংবাদিক নির্ধাতন প্রতিরোধ সেল বাংলাদেশ কেন্দ্রীয় ইউনিটের সদস্য সংগ্রহ চলছে

সাংবাদিকদের নিরাপত্তা, অধিকার ও মর্যাদা রক্ষা এবং নির্ধাতনের বিরুদ্ধে একাবদ্ধ প্রতিরোধ গড়ে তুলতে সারাদেশে কেন্দ্রীয় ইউনিটের সদস্য সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে।

\*\* সদস্য হওয়ার সুযোগ \*\*

প্রতিটি জেলা থেকে ২ জন, প্রতিটি উপজেলা থেকে ১ জন। সাংবাদিকদের অধিকার প্রতিষ্ঠা, নির্ধাতনের বিরুদ্ধে প্রতিবাদ এবং বিপদ-সংকটে সাংবাদিকদের পাশে দাঁড়াতে আগ্রহী সাহসী, দায়িত্বশীল ও সচেতন সাংবাদিকদের যোগাযোগের আহ্বান জানানো হচ্ছে। দেশের সাংবাদিক সমাজের নিরাপত্তা ও মর্যাদা রক্ষার এই উদ্যোগে আপনিও যুক্ত হোন। আপনার সাহস, দায়িত্ববোধ ও সক্রিয় অংশগ্রহণ গড়ে তুলতে পারে সাংবাদিকদের অধিকার আদায়ের শক্তিশালী এক।

সুযোগ সীমিত-আজই যোগাযোগ করুন।

যোগাযোগ: ০১৭৭৮০৯১২৫০



আপনার অংশগ্রহণ হোক সাংবাদিক সুরক্ষার আন্দোলনে শক্তির উৎস। সাংবাদিকের নিরাপত্তা ও মর্যাদা রক্ষায় আমরা একাবদ্ধ।